

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়
মুক্তগাছা, ময়মনসিংহ।

স্মারক নং- ৮(১০)

তারিখ- ১৭/১০/২০২২ খ্রি:

বিষয় :- সমবায় সমিতি আইন/২০০১ (সংশোধিত আইন/ ২০০২ ও ২০১৩ইং) এর ৪৩ ধারা ও সমবায় বিধি ২০০৪ ইং এর ১০২(২) বিধিমতে অডিট করার জন্য জারীকৃত নোটিশ।

সূত্র :- জেলা সমবায় অফিসার, ময়মনসিংহ মহোদয়ের আদেশ নং- ৯০৬, তারিখ- ২৬/০৬/২০২৩ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের নিমিত্তে জানানো যাচ্ছে যে, আপনার সমিতির ২০২১-২০২২ খ্রি সনের অডিট কার্য নিম্নস্বাক্ষরকারী কর্তৃক আগামী ১৮/১২/২০২৩ খ্রি তারিখে সম্পন্ন করা হবে।

ইতোমধ্যে গত ০২/০৭/২০২৩ খ্রি তারিখে ১৪৮/১(৭৯) নং স্মারক মূলে সমবায় সমিতি আইন/২০০১ (সংশোধিত আইন/২০০২ ও ২০১৩ ইং) এর ৪৩ ধারা ও সমবায় বিধি ২০০৪ইং এর ৯৯(১) বিধি মতে ৩০ জুলাই/২০২২ খ্রি তারিখের মধ্যে হিসাব বিবরণী উপস্থাপন করার নোটিশ প্রদান করা হয়েছে। কিন্তু আজ পর্যন্ত আপনি হিসাব উপস্থাপন করেন নাই।

তৎপ্রেক্ষিতে পত্র প্রাপ্তির ১০ দিনের মধ্যে সমিতির যাবতীয় রেকর্ড পত্রাদি হাল নাগাদ লিপিবদ্ধ করতঃ অডিট ম্যানুয়াল অনুযায়ী Statement of Accounts প্রস্তুতসহ, নিম্নোক্ত ছক অনুযায়ী ডিটেইললিস্ট ও নির্বাচিত ব্যবস্থাপনা কমিটির সদস্যদের মোবাইল নম্বর, ইমেইল আইডি ও জাতীয় পরিচয় পত্রের ফটোকপিসহ উপস্থাপন করার জন্য অনুরোধ করা হলো। অন্যথায় সমিতিটি অকার্যকর বলে বিবেচিত হবে।

ডিটেইল লিস্টের ছক

ক্র নং	সদস্যের নাম জাতীয় পরিচয়পত্র নম্বর	সদস্য নং	শেয়ার মূলধন				সঞ্চয় আমানত				খন			
			পূর্বের জের	আদায়	ফেরৎ	স্থিতি	পূর্বের জের	জমা	উত্তোলন	স্থিতি	পূর্বের জের	প্রদান	আদায়	স্থিতি

প্রাপক :

সভাপতি/ সম্পাদক

সোনালী বাংলা ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ

গ্রাম- নন্দীবাড়ী, পো- মুক্তগাছা

মুক্তগাছা, ময়মনসিংহ।

২৩/১২/২০২২

(জোবায়ের আহমদ গালীব)

অডিট অফিসার

ও

সহকারী পরিদর্শক

উপজেলা সমবায় কার্যালয়

মুক্তগাছা, ময়মনসিংহ।

মোবাইল- ০১৭১১ ৯৫ ৬৫ ৫৩

স্মারক নং-

তারিখ-

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

১। উপজেলা সমবায় অফিসার, মুক্তগাছা, ময়মনসিংহ।

২। অফিস কপি।

অডিট অফিসার

ও

সহকারী পরিদর্শক